সভাপতি অধ্যক্ষ আসাদুজ্জামান, সাধারণ সম্পাদক মাহবুব মুর্শেদ

ঝিনাইদহের হরিণাকুণ্ড উপজেলা জামায়াতে ইসলামীর আয়োজনে শিক্ষক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৭ সেপ্টেম্বর) সকালে হরিণাকুণ্ডুস্থ জেলা পরিষদ মিলনায়তনে উপজেলার হাইস্কুল-কলেজসহ সকল পর্যায়ের শিক্ষকদের নিয়ে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

হরিণাকুণ্ডু উপজেলা জামায়াতের আমীর মো: বাবুল হোসেনের সভাপতিত্বে শিক্ষক সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা জামায়াতে ইসলামীর আমীর অধ্যাপক আলী আজম মোহা: আবু বকর, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা জামায়াতের সহকারী সেক্রেটারী মাও. তাজুল ইসলাম, জেলা আদর্শ শিক্ষক ফেডারেশনের সভাপতি সহকারী অধ্যাপক আলফাজ উদ্দীন, হরিণাকুণ্ডু উপজেলার সাবেক চেয়ারম্যান মোতাহার হোসেন, জোড়াদহ কলেজের সহকারী অধ্যাপক ও জেলা আদর্শ শিক্ষক ফেডারেশনের নেতা হাসান হাফিজুর রহমান, সহকারী দেলোয়ার হোসেন, শিশু কলি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আব্দুল আওয়াল, দখলপুর আলিয়া মাদ্রাসার সহকারী শিক্ষিকা মোমেনা খাতুন, সাবেক প্রধান শিক্ষক মসলেম উদ্দিন, মওলা বক্স, ওসমান গনী প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন উপজেলা জামায়াতের সেক্রেটারি শিক্ষক মো ইদ্রিস আলী ও মাহবুব মুর্শেদ শাহীন।

সমাবেশে উপজেলা আদর্শ শিক্ষক ফেডারেশনের নতুন কমিটি ঘোষণা করা হয়। অধ্যক্ষ মাও. আসাদুজ্জামান কে সভাপতি এবং সহকারী অধ্যাপক মাহবুব মুর্শেদ শাহীন কে সাধারণ সম্পাদক ঘোষণা করে উপজেলা আদর্শ শিক্ষক ফেডারেশনের আংশিক কমিটির নাম ঘোষণা করা হয়।

সমাবেশে প্রধান অতিথি বলেন আমরা দীর্ঘদিন অনেক কষ্ট করেছি, বাড়িছাড়া হয়েছি, জেল, জুলুমের শিকার হয়েছি, এখন সময় এসেছে, সকলেই আদর্শবান হয়ে ইনসাফ ও ন্যায় ভিত্তিক সমাজ গঠন করতে হবে। আর এই ভূমিকার অগ্রভাগে থাকবে এদশের আদর্শ শিক্ষক সমাজ।

হরিণাকুণ্ডুতে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার ও ট্রাই সাইকেল বিতরণ

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ১৩ জন প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার ও ট্রাই সাইকেল বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) বিকালে উপজেলা পরিষদের সামনে উপজেলার ৮টি ইউনিয়ন ও ১টি পৌরসভার মোট ১৩ জন প্রতিবন্ধীর মাঝে ১২ টি হুইল চেয়ার ও ১টি ট্রাই সাইকেল বিতরণ করা হয়।

বাংলাদেশ প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের অর্থায়ন ও উপজেলা প্রশাসনের আয়োজনে এই হুইল চেয়ার বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিণাকু-◌ু উপজেলার নির্বাহী অফিসার বি.এম.তারিক-উজ-জামান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিণাকু-ু উপজেলা সমাজ সেবা কর্মকর্তা শিউলি রাণী ও ঝিনাইদহ জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা তরিকুল ইসলাম।

এ ছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা সমাজ সেবা ও উপজেলা পরিষদের অন্যান্য কর্মকর্তা ও উপকারভোগী ও তাদের অভিভাবকরা। হুইল চেয়ার পেয়ে প্রতিবন্ধীরা কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেণ।

হরিণাকুণ্ডুতে গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার

উদ্বোধন

বর্ণাঢ্য আয়োজন স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের অংশ গ্রহনে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ৫২ তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন ঘোষণা করা হয়েছে।

সোমবার (২২ সেপ্টেম্বর) উপজেলার প্রিয়নাথ স্কুল এন্ড কলেজ মাঠে উপজেলা নির্বাহী অফিসার বি এম তারিক-উজ-জামান এ প্রতিযোগিতার উদ্বোধন ঘোষণা করেন।

হরিণাকুণ্ডু উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোহাঃ আব্দুল বারী’র সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ঈষিতা আক্তার, হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ শহিদুল ইসলাম হাওলাদার।

এছাড়াও উপজেলার বিভিন্ন স্কুল মাদ্রাসার প্রধাান শিক্ষক, সুপার, ক্রীড়া শিক্ষকসহ অন্যান্য শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ, উপজেলার আট ইউনিয়নের ৮টি ভ্যানু ও পৌরসভা থেকে বিজয়ী দল খেলোয়াড়রা উপজেলা পর্যায়ের এই খেলায় অংশগ্রহন করবেন। এর আগে ৭দিন ব্যাপী ইউনিয়ন পর্যায়ে এই প্রতিযোগিতা শুরু হয়। প্রতিযোগিতায় ফুটবল, হ্যান্ডবল, কাবাডি, দাবা ও সাঁতারসহ বিভিন্ন ইভেন্টে স্কুল ও মাদ্রাসার শিক্ষার্থীরা অংশ গ্রহন করছে।

হরিণাকুণ্ডু সরকারি লালন শাহ কলেজে নবীন বরণ

ঝিনাইদহের হরিনাকুণ্ডু উপজেলার ঐতিহ্যবাহী সরকারি লালন শাহ কলেজে বাংলাদেশ ছাত্র শিবিরের আয়োজনে নবীন বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (২১ সেপ্টেম্বর) সকালে সরকারি লালন শাহ কলেজ মাঠে

অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ইসলামী ছাত্র শিবির হরিণাকুণ্ডু উপজেলা শাখা ও কলেজ শাখার যৌথ আয়োজনে উৎসবমুখর পরিবেশে এই নবীন বরণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা জামায়াতের আমীর আলী আজম মো: আবু বকর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিনাকুন্ডু উপজেলা জামায়াতের আমীর মো: বাবুল হোসেন, ইসলামি বিশ্ববিদ্যালয়ের শিবিরের সেক্রেটারি মো: ইউসুফ আলী, ঝিনাইদহ জেলা ছাত্র শিবিরের সেক্রেটারি মো: ওবাদুর রহমান খান, উপজেলা জামায়াতের সেক্রেটারি মো: ইদ্রিস আলী, পৌর আমীর মো: শফি উদ্দীন, হরিনাকুণ্ডু থানা শাখার সভাপতি মো: রাশেদ খান, লালন শাহ কলেজের সভাপতি মো: আবু সাঈদ এবং পৌর সভাপতি মো: আকিমুল ইসলাম।

অনুষ্ঠানে নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করা হয় এবং দেশ গঠনে সুশিক্ষা, নৈতিকতা ও ইসলামী মূল্যবোধের ভূমিকার ওপর গুরুত্বারোপ করা হয়।

অনুষ্ঠানটি কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় এবং এতে শিক্ষক, শিক্ষার্থী ও স্থানীয় নেতৃবৃন্দের উপস্থিত ছিলেন। আলোচনা শেষে প্রাণবন্ত সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে আনন্দমুখর পরিবেশে অনুষ্ঠানটির সমাপ্তি ঘটে।

হরিণাকুণ্ডুতে নিখোঁজের ৫ দিন পর যুবকের অর্ধ গলিত লাশ উদ্ধার

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলায় নিখেজের ৫দিন পর এক যুবকের অর্ধগলিত লাশ উদ্ধার করেছে পুলিশ। উপজেলার ভায়না ইউনিয়নের লক্ষ্মীপুর গ্রামের চাঁদ আলী মন্ডলের ছেলে মোঃ মিলন হোসেন (১৯) গত ১ সেপ্টেম্বর থেকে নিখোঁজ ছিল এবং আজ শনিবার গ্রামের পান বরজের পাশে হলুদ ক্ষেতের মধ্যে তার অর্ধগলিত লাশ পাওয়া যায়।

স্বজন এবং পুলিশ সূত্রে জানা যায়, গত ১সেপ্টেম্বর সন্ধ্যা ৭টার দিকে লক্ষীপুর জামে মসজিদে নামাজ পড়ার উদ্দেশ্যে বের হয় মিলন পরে আর বাড়িতে ফিরে না আসার কারনে পরিবারের লোকজন বিভিন্ন জায়গাতে খোঁজ-খবর নিতে থাকে এবং কোথাও খুজে পায় নাই।

অনেক খোজাখুজির পর আজ শনিবার দুপুর আড়াইটার দিকে রহিম, মাসুমসহ বেশ কয়েকজন শ্রমিক তাদের নিজ গ্রামের মাঠে পানের বরজে কাজ করতে গিয়ে পার্শ্ববর্তী হলুদ ক্ষেত থেকে পঁচা দুর্গন্ধ পায়। তারা গন্ধের উৎস খুঁজতে হলুদের খেতে গিয়ে ভিকটিমের অর্ধ গলিত লাশ দেখতে পেয়ে চিৎকার করলে ভিকটিমের পিতা ও পরিবারের সদস্যগণ লাশ চিহ্নিত করে।

পরে খবর পেয়ে ঘটনাস্থলে থানা পুলিশ উপস্থিত হয়ে আইনগত কার্যক্রম গ্রহণ শেষে মৃত লাশের ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠায়।

এবিষয়ে হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শহিদুল ইসলাম জানান, খবর পাওয়রে সাথে সাথে পুলিশ পাঠিয়ে ছিলাম, গত কয়েকদিন আগে থেকেই মিলন নিখোঁজ ছিল, থানায় জিডি করার পর আমরা খোজ রাখছিলাম, আজ মাঠে কিছু শ্রমিক ক্ষেতে কাজ করতে গিয়ে দুপুরে দুর্গন্ধ পেয়ে লাশটি শনাক্ত করে। আমরা মামলা নিয়েছি, বিষয়টি ক্ষতিয়ে দেখছি দোষিদের খুজে বের করার চেষ্টা চলছে।

হরিণাকুণ্ডুতে কাজী নজরুল ইসলামের ৪৯তম মৃত্যুবার্ষিকী পালিত

জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস) হরিণাকুন্ডু উপজেলা শাখার উদ্যোগে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৪৯ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

রোববার সকালে উপজেলার সালেহা বেগম মহিলা ডিগ্রি কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ।

হরিণাকুণ্ডু উপজেলা জাসাসের সভাপতি গমির উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ শিক্ষাবিদ মোহাব্বত হোসেন টিপু, সালেহা বেগম কলেজের অধ্যক্ষ মোক্তার আলী, সহকারী অধ্যাপক (অবঃ) আকমল হোসেন নান্নু, হরিণাকুণ্ডু উপজেলা বিএনপির সভাপতি আবুল হাসান মাস্টার, সাধারণ সম্পাদক তাইজাল হোসেন, হরিণাকুন্ডু পৌর বিএনপির সভাপতি জিন্নাতুল হক, সাধারণ সম্পাদক আনিচুর রহমান, ঝিনাইদহ জেলা জাসাসের আহবায়ক এম এ কবীর, সদস্য সচিব কামরুজ্জামান লিটন, জেলা জাসাসের যুগ্ম আহবায়ক জাহিদ হাসান, মোল্লা রাজা, যুবদলের আহবায়ক আব্দুস সামাদ, রিপন প্রমূখ।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সালেহা বেগম মহিলা কলেজের সহকারী অধ্যাপক পারভেজ ইমাম আজাদ।

সভায় প্রধান অতিথি বলেন, কাজী নজরুল ইসলাম আমাদের জাতীয় কবি, তিনি মানবতার কবি। বিগত ফ্যাসিস্ট সরকার এই কবিকে অবজ্ঞা করেছিল। আর জুলাই আন্দোলনে জুলাই যোদ্ধারা জাতীয় কবির বাণীকে বুকে ধারণ করে রাজপথে থেকে সেই ফ্যাসিস্ট সরকারকে দেশ থেকে বিতাড়িত করে। জাতীয় কবি আমাদের অনুপ্রেরণা। তিনি বলেন, জাতীয় কবি আমাদের জীবনে সব সময় প্রাসঙ্গিক। তিনি জাতীয়তাবাদী সামাজিক সংস্থা জাসাসের এই উদ্যোগকে প্রশংসা করেন। তিনি বলেন আগামী জাতীয় সংসদ নির্বাচনে জাসাস অগ্রণী ভূমিকা পালন করবে।

প্রবাসীর মৃত্যুদেহ পৌছালো হরিণাকুণ্ডুর নিজবাড়িতে

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা প্রবাসী এক যুবকের লাশ এসে পৌছেছে নিজ গ্রাম খলিশাকুণ্ডুতে।

শনিবার (৩০ আগষ্ট) সকালে এই মরদেহটি পৌছালে গ্রাম জুড়ে শোকের ছায়া নেমে আসে। মরদেহটি ওই গ্রামের মানোয়ার হোসেনের পুত্র রুবেলের বলে জানান স্বজনরা।

একটু সুখের আশায় গত রমজানের শুরুর দিকে রুবেল সৌদি আরব প্রবাসী হন। দুই সস্তানের জনকের এই অকাল মৃত্যুতে পুরা পরিবার জুড়ে হতাশা ও ভবিষ্যৎ অনিশ্চয়তা নেমে এসেছে।

স্বজনরা জানান, রুবেলের সহকর্মী ঝিনাইদহের শৈলকূপা’র প্রবাসী গোলাম মোওলা তাদের কাছে প্রথমে গত ১৬আগস্ট ফোন করে জানান রুবেল অসুস্থ, তারপরের দিন ১৭ আগষ্ট সকাল ১০ ঘটিকার সময় মৃত্যুর সংবাদ দেন। এসব কথা বলেন রুবেলের শ্যালক আরাফাত হোসেন। তিনি আরো জানান তাদের পরিবার সমস্থ খরচ বহন করে এনজিও থেকে ঋন করে দুলাভাইকে বিদেশ পাঠিয়েছিলাম।

পরিবার সূত্রে আরও জানা যায়, রুবেল একটি বিল্ডিংয়ের কাজে নিয়োজিত ছিলো। কাজ করার সময়ে ক্রেনের ধাক্কায় ওয়াল চাপা পড়ে তার অকাল মৃত্যু হয়। বিদেশের মাটিতে রুবেলের মৃত্যুর ১৩পর ৩০ আগষ্ট শনিবার পরিবারের কাছে লাশটি এসে পৌছায়। জানা যায় ওই পরিবারে তিনিই একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি ছিলেন। তাকে হারিয়ে পরিবারটি গভীর ভাবে শোকাহত ও সংকটে পড়েগেল।

এবিষয়ে তাহেরহুদা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মনজুর রাশেদ বলেন, এটি একটি হৃদয়বিদারক ঘটনা। ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে এই ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে থেকে তাদের সার্বিক সহোযোগিতার আশ্বাস দেন।

হরিণাকুণ্ডুতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে পানিতে ডুবে ১৮ মাস বয়সের এক শিশুর মৃত্যু হয়েছে। আজ শুক্রবার সকাল ১০টার দিকে উপজেলার তাহেরহুদা ইউনিয়নের গোপিনাথপুর গ্রামে এই মর্মান্তিক ঘটনাটি ঘটে।

হরিণাকুণ্ডু থানার ওসি ও স্থানীয় সূত্রে জানা যায়, উপজেলার গোপিনাথপুর গ্রামের সাগর মিয়ার ১৮ মাসের শিশুসন্তান মুস্তাক হোসেন সকালে হাঁসের পিছু নিয়ে আস্তে আস্তে হেটে বাড়ির পাশে পুকুরের ধারে গিয়ে পানির ভিতরে পড়ে যায়।

এসময় বাড়িতে সবাই কাজে ব্যস্ত থাকায় প্রথমে কেউ বুঝতে পারেনি। পরে বাচ্চার মা ও অন্যান্যরা শিশুটিকে খুঁজতে থাকে এবং পুকুরে ভাসমান অবস্থায় তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লিক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক শিশুটির মৃত্যু ঘোষণা করেন।

হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শহিদুল ইাসলাম ঘটনাটির সত্যতা নিশ্চিত করে বলেন, ঘটনা শুনার সাথে সাথে আমি সেখানে পুলিশ পাঠিয়েছিলাম। এই দুর্ঘটনাটি মর্মান্তিক বলেও তিনি আখ্যায়িত করেন।

হরিণাকুণ্ডুতে সোনালী ব্যাংকের এটিএম বুথ উদ্বোধন

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে সোনালী ব্যাংকের এটিএম (অটোমেটেড টেইলর মেশিন) বুথ উদ্বোধন করা হয়েছে। বুধবার (২৭ আগস্ট) বেলা ১১টায় সোনালী ব্যাংক হরিণাকুণ্ডু শাখার নীচ তলায় এই বুথের শুভ উদ্বোধন ঘোষণা করা হয়।

উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার বিএম তারিক- উজ- জামান।

উদ্বোধন শেষে শাখা ম্যানেজারের কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি ছাড়াও বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ব্যাংকের ডিজিএম বিশ্বাস মোহাম্মদ মীজানুর রহমান, এজিএম রশিদুল ইসলাম, মুক্তিযোদ্ধা আব্দুল ওয়াহেদ জোয়ার্দ্দার, উপজেলা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মাসুদুল হক টিটু, উপজেলা নির্বাচন অফিসার পলাশ কুমার সাহা, প্রেসক্লাবের সভাপতি আব্দুস সামাদ প্রমূখ। সভায় সভাপতিত্ব করেণ হরিণাকুণ্ডু সোনালী ব্যাংকের শাখা ব্যবস্থাপক এজিএম মোবাশ্বের হোসেন। অলোচনা সভায় অতিথিরা বলেন

হরিণাকুণ্ডুবাসীর দীর্ঘদিনের প্রত্যাশা ছিল সোনালী ব্যাংকে একটি এটিএম বুথ স্থাপনের। সেটা অনেক পরে হলেও আজ পূরণ হয়েছে। এখান থেকে সকল ব্যাংকের কার্ড ব্যবহার করে টাকা তোলা ও জমা দেওয়া যাবে। বক্তারা ব্যাংকের গ্রাহক সংখ্যা ও সেবার মান বৃদ্ধি করার উপরে গুরত্বারোপ করেণ।

হরিণাকুণ্ডুতে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে ২০২৫ সালের এসএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নেওয়া মেধাবী শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়া হয়েছে।

আজ সোমবার দুপুরে উপজেলার জেলা পরিষদ মিলনায়তনে এ সংবর্ধনার আয়োজন করে উপজেলা ও পৌর ছাত্রদল। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, জেলা বিএনপি’র সভাপতি অ্যাডভোকেট এম এ মজিদ।

হরিণাকুণ্ডু উপজেলা ছাত্রদলের আহ্বায়ক ইমরুল হাসান মিঠুর সভাপতিত্বে অনুষ্ঠানের সঞ্চালনা করেন, উপজেলা ছাত্রদলের সদস্য সচিব শামীম রেজা। সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, হরিণাকুণ্ডু উপজেলা বিএনপি’র সভাপতি আবুল হাসান মাস্টার, পৌর বিএনপি’র সভাপতি জিন্নাতল হক খান, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক তাইজাল হোসেন, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আনিচুর রহমান, জেলা ছাত্রদলের সভাপতি সমিনুজ্জামান সমিন, সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান মানিক, হরিণাকুণ্ডু পৌর ছাত্রদলের আহ্বায়ক আকরাম হোসেন, সদস্য সচিব ইখলাচ উদ্দিন, পৌর বিএনপি’র ছাত্র বিষয়ক সম্পাদক তারেক আল মামুন।

আলোচনা সভা শেষে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নিয়ে জিপিএ ৫ পাওয়া ১২৯ জন শিক্ষার্থীকে সংবর্ধনা দেওয়া হয়।

মেধাবী শিক্ষার্থীদের স্বীকৃতি দেওয়া, তাদের অনুপ্রাণিত করা এবং ভবিষ্যৎ প্রজন্মকে পড়াশোনায় উৎসাহিত করার উদ্দেশ্যেই এই